

নম্বর : ৩৩.০২.৪৮০০.৪০০.০২.০৫২.০২.১৮

তারিখ : ০৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক :

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
ভৈরব, কিশোরগঞ্জ।

বিষয় : মরহম মোঃ আফাজ উদ্দিন, প্রাক্তন অফিস সহায়ক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ভৈরব, কিশোরগঞ্জ এর স্ত্রী জনাব বিলকিছ বেগম এর অনুকূলে পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্র : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ভৈরব, কিশোরগঞ্জ এর স্মারক নম্বর : ৩৩.০২.৪৮১১.৫০১.০৬.০০১.২৪.০১, তারিখ : ০২/০১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মরহম মোঃ আফাজ উদ্দিন, প্রাক্তন অফিস সহায়ক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ভৈরব, কিশোরগঞ্জ গত ২০/০৮/২০২৩ খ্রি. তারিখে (মৃত্যু সনদ অনুসারে) চাকরির অবস্থায় মৃত্যুবরণ করেছেন বিধায় তাঁর স্ত্রী জনাব বিলকিছ বেগম এর অনুকূলে পারিবারিক আনুতোষিক বাবদ মোট প্রাপ্য ২০,৪৬,১৯৫/- (বিশ লক্ষ ছেচল্লিশ হাজার একশত পঁচানব্বই) টাকা এবং মাসিক পূর্ণ পেনশন বাবদ ৮,৮৯৬.৫০ (আট হাজার আটশত ছিয়ানব্বই টাকা পঞ্চাশ পয়সা) টাকা মাত্র মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। সূত্রস্থ পত্রের তথ্যানুযায়ী মরহম কর্মচারীর অনুকূলে সরকারি কোন পাওনা নেই। মরহম কর্মচারীর বিধবা স্ত্রী কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামা এবং পেনশন ফরম ২.২ অনুযায়ী, তার নিকট সরকারের কোন পাওনা থাকলে তা তিনি বিধি মোতাবেক পরিশোধ করতে সম্মত আছেন। পেনশন পরিশোধের পর যেকোন সময় অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হলে তা তিনি পারিবারিক অবসর ভাতা/নিজস্ব সম্পত্তি হতে ফেরৎ প্রদানে বাধ্য থাকবেন। যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক তিনি যে পরিমাণ অর্থ পেনশন হিসেবে পাওয়ার অধিকারী, তাকে তা অপেক্ষা বেশি পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হয়েছে, তা হলে গৃহীত অতিরিক্ত অর্থ তার পারিবারিক অবসর ভাতা/নিজস্ব সম্পত্তি হতে তিনি ফেরৎ দিতে বাধ্য থাকবেন।

৩। মরহম কর্মচারীর পারিবারিক পেনশন সংশ্লিষ্ট নিম্নরূপ কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো। এ সংক্রান্ত পেনশন পরিশোধ আদেশ (পি.পি.ও) জারি করে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১	পূরণকৃত পারিবারিক পেনশন ফরম	১কপি
২	মৃত কর্মচারীর সার্ভিস বুক	১কপি
৩	মৃত কর্মচারীর স্ত্রীর অনুকূলে লাম্পগ্রান্ট মঞ্জুরিপত্র	১কপি
৪	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	১কপি
৫	মৃত কর্মচারীর স্ত্রীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১কপি
৬	মৃত কর্মচারীর স্ত্রীর জাতীয় পরিচয়পত্র	১কপি
৭	উত্তরাধিকার সনদ ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১কপি
৮	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ সত্যায়িত	১কপি
৯	অঙ্গীকারনামা	২কপি
৯	অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ	১কপি
১০	কর্মচারীর মৃত্যু সনদপত্র	১কপি
১১	না-দাবী প্রত্যয়নপত্র	১কপি
১২	চাকরি স্থায়ীকরণের/নিয়মিতকরণের আদেশ	১কপি

সংযুক্তি : বর্ণনা অনুযায়ী ১৩ (তের) ফর্দ

২২/০১/২০২৪

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
জেলা মৎস্য কর্মকর্তা
কিশোরগঞ্জ।

ফোন : ০২-৯৯৭৭৬১৬১৯

e-mail : dfokishoreganj@fisheries.gov.bd

স্মারক নম্বর : ৩৩.০২.৪৮০০.৪০০.০২.০৫২.০২.১৮/১(৪)

তারিখ : ০৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (প্রযোজ্য ক্ষেত্রে) নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা;

২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ;

৩। জনাব বিলকিছ বেগম, স্বামী : মোঃ আফাজ উদ্দিন, গ্রাম : পীরপুর, পো : চালাকচর, উপজেলা : মনোহরদী, জেলা : নরসিংদী; এবং

৪। সংশ্লিষ্ট নথি।

 ২২/০১/২০২৪

জেলা মৎস্য কর্মকর্তা
কিশোরগঞ্জ।

৪৪১১/০১/২৪ 